

নরসিংদী সরকারি কলেজ ছাত্র সংসদ নির্বাচনকে কেন্দ্র করে ভাঙচুর গুলিবর্ষণ

নরসিংদী থেকে নিজস্ব সংবাদদাতা :
নরসিংদী সরকারি কলেজ ছাত্র সংসদের
আগামী ২৯শে জুনের নির্বাচনকে কেন্দ্র
করে কলেজ ক্যাম্পাস উত্তপ্ত হয়ে ওঠেছে।
বৃহস্পতিবার সকালে গুলিবর্ষণের ঘটনা
ঘটেছে। কলেজ উপাধ্যক্ষের কক্ষ প্রধান
নির্বাচন কমিশনার ও রিটার্নিং অফিসার
কার্যালয় ৭/৮ সত্ৰাসী দল বোরকা পড়ে
ভাঙচুর করে। এ সময় তারা গোলাগুলি
করে। এছাড়াও কলেজ ক্যাম্পাসের তৈরি
প্যানেল পরিচিতির মঞ্চ আতন ধরিয়ে
দেয়। এদিকে সন্ধ্যায় জেলা ছাত্রলীগ এক
জরুরি সাংবাদিক সম্মেলনে বলেছে, এ
সত্ৰাসী ঘটনায় তারা নির্বাচন বর্জন করছে।